DRAFT

ENERGY CONSERVATION ACT 2008

Please send your valuable comments (if any)
in the following email address-

rahman_ekramur@yahoo.com

POWER DIVISION

MINISTRY OF POWER, ENERGY AND MINERAL RESOURCES
GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADE

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ------ বাংলা মাস ও সাল ------- ইংরেজী মাস ও সাল

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ------ বাংলা মাস ও সাল মোতাবেক ------ ইংরেজী মাস ও সাল তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :-

ইংরেজী সাল ..... নং আইন

বাংলাদেশ জ্বালানী সংরক্ষণ আইন, ইংরেজী সাল জ্বালানী দক্ষ ব্যবহার ও সংরক্ষণ এবং জ্বালানী সংশ্লিষ্ট বিষয়সমূহ এই আইনের আওতাধীন হিসাবে বিবেচিত হইবে।

অধ্যায়-১
প্রারম্ভিক

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন** ।----- (১) এই আইন, বাংলাদেশ জ্বালানী সংরক্ষণ আইন, ইংরেজী সাল নামে অভিহিত হইবে।

(২) সমগ্র বাংলাদেশে এই আইন কার্যকর হইবে।

(৩) সরকার, সরকারী গেজেটে, প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে এই আইন কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**। ---- বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে -----

(ক) **"এনার্জি (জ্বালানী)"** অর্থ রিনিউয়্যাবল এনার্জি এবং নন- রিনিউয়্যাবল এনার্জি,

(খ) **"রিনিউয়্যাবল এনার্জি"** অর্থ কাঠ, জ্বালানী কাঠ, ধানের তুষ, আখের ছোবড়া, হাইড্রো পাওয়ার, সোলার পাওয়ার, বায়ু শক্তি ও ঢেউ থেকে প্রাপ্ত শক্তি,

(গ) **"নন-রিনিউয়্যাবল এনার্জি"** অর্থ প্রাকৃতিক গ্যাস, কয়লা, তেল ও আনবিক শক্তি থেকে প্রাপ্ত শক্তি,

(ঘ) **"জ্বালানী সম্পদ"** অর্থ দেশে উৎপাদিত অথবা বিদেশ হইতে আমদানীকৃত সকল ধরনের প্রাথমিক ও বাণিজ্যিক জ্বালানী অথবা রূপান্তরিত জ্বালানী, প্রাকৃতিক গ্যাস, পেট্রোলিয়াম জাতীয় জ্বালানী, কয়লা, বিদ্যুৎ, বায়ো-মাস, বায়ো-গ্যাস, সোলার পাওয়ার, বায়ুশক্তি, হাইড্রো পাওয়ার, পারমানবিক শক্তি ইত্যাদি,

(ঙ) **"ফুয়েল"** অর্থ জ্বালানী সম্পদ অথবা জ্বালানী দ্রব্য,

(চ) **"জ্বালানী সংরক্ষণ (এনার্জি কনজারভেশন)"** অর্থ জ্বালানীর দহন দক্ষতা উন্নতকরণ, জ্বালানীর অপচয় রোধ, নির্গত তাপ পুনরুদ্ধার ও ব্যবহার, ব্যবহৃত জ্বালানীর পরিবর্তে অন্য জ্বালানী ব্যবহার, জ্বালানীর দক্ষ ব্যবহার ইত্যাদি পদক্ষেপের মাধ্যমে জ্বালানী সংরক্ষণ,

(ছ) **"ডিপার্টমেন্ট"** অর্থ বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন ডিপার্টমেন্ট অফ এনার্জি কনজারভেশন,

(জ) **"ডাইরেক্টর জেনারেল"** অর্থ ডিপার্টমেন্ট অফ এনার্জি কনজারভেশন এর দপ্তর প্রধান,

(ঝ) **"এনার্জি অডিটর"** অর্থ সরকার কর্তৃক মনোনীত ব্যক্তি যিনি শিল্প, কল-কারখানা, বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র, জ্বালানী উৎপাদন ও ব্যবহারকারী সংস্থায় ১০ (দশ) বছর অভিজ্ঞতা সম্পন্ন স্নাতক ডিগ্রীধারী প্রকৌশলী,

(ঞ) **"বিল্ডিং"** অর্থ যে কোন আবাসিক, বাণিজ্যিক ও অন্যান্য স্থাপনা অথবা স্থাপনার অংশ যেখানে ৫০ কিঃওঃ বা তদূর্ধ বৈদ্যুতিক লোড ব্যবহৃত হয়,

(ট) **"বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন"** অর্থ ১৩ই মার্চ ২০০৩ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন,

(ঠ) **"কমিশন"** অর্থ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন,

(ড) **"গভর্নিং কাউন্সিল"** অর্থ ২নং অধ্যায়ের ৪ (২) তে বর্ণিত গভর্নিং কাউন্সিল,

(ঢ) **"সভাপতি"** অর্থ গভর্নিং কাউন্সিলের সভাপতি,

(ণ) **"সদস্য"** অর্থ গভর্নিং কাউন্সিলের সভাপতিসহ সদস্যবৃন্দ,

(ত) **"নির্বাহী সংস্থা"** অর্থ ডিপার্টমেন্ট অফ এনার্জি কনজারভেশন,

(থ) **"ব্যবহারকারী"** অর্থ আবাসিক, বাণিজ্যিক, শিল্প প্রতিষ্ঠান, কৃষিকাজ, যানবাহন ও অন্যান্য প্রয়োজনে জ্বালানী ব্যবহারকারী,

(দ) **"এনার্জি অডিট"** অর্থ জ্বালানী ব্যবহারকারী প্রতিষ্ঠানের যন্ত্রপাতি, সরঞ্জাম ও উৎপাদন প্রক্রিয়ায় জ্বালানী ব্যবহার ও খরচের হিসাব যাচাই (verification), পরীক্ষণ (monitoring) ও বিশ্লেষণ (analysis), দক্ষতা নিরূপণ এবং কারিগরী সহায়তা প্রদান,

(ধ) **"কোড"** অর্থ বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত বিল্ডিং কোড,

(ন) **"জ্বালানী ব্যবহারের নির্ধারিত মান"** অর্থ নির্দিষ্ট প্রক্রিয়া, যন্ত্রপাতি, সরঞ্জামাদি, ইত্যাদিতে জ্বালানী ব্যবহারের মান,

(প) **"জ্বালানী নিরীক্ষণ সেল"** অর্থ বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের জ্বালানী নিরীক্ষণ সেল,

(ফ) **"এনার্জি ম্যানেজার"** অর্থ শিল্প, কল-কারখানা, বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র, জ্বালানী উৎপাদন ও ব্যবহারকারী সংস্থায় কর্মরত ও ডিপার্টমেন্ট অফ এনার্জি কনজারভেশন কর্তৃক সনদপ্রাপ্ত ৫ (পাঁচ) বছর অভিজ্ঞ প্রকৌশলী,

(ব) **"প্রজ্ঞাপন"** অর্থ বাংলাদেশ গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপন,

(ভ) **"বিধিবদ্ধকৃত"** (prescribed) অর্থ এই আইনে যাহা বিধিবদ্ধ,

(ম) **"প্রতিষ্ঠান"** অর্থ এই আইনের অধীন বর্ণিত প্রতিষ্ঠান,

(য) **"বিধি"** অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি,

(র) **"প্রবিধান"** অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান,

(ল) **"নির্ধারিত"** অর্থ বিধি বা প্রবিধান দ্বারা নির্ধারিত,

(শ) **"তফসিল"** অর্থ এই আইনের তফসিল,

(ষ) **"ভোক্তা"** অর্থ সংশ্লিষ্ট আইন, বিধি, প্রবিধান, উপ-আইন বা আইনের আওতায় যে ব্যক্তি/প্রতিষ্ঠান তাহার আঙিনা বা স্থাপনায় বিদ্যুৎ, গ্যাস বা অন্য কোন জ্বালানীর সরবরাহ পাইয়াছে,

(স) **"বিদ্যুৎ আইন" অর্থ** Electricity Act, 1910 (IX of 1910),

(হ) এই আইনে যে সকল শব্দ বা বর্ণনার বিবরণ দেওয়া হয় নাই সে সকল শব্দ বা বর্ণনার ক্ষেত্রে Electricity Act, 1910 (IX of 1910) এবং এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩-এর প্রদত্ত সংজ্ঞা প্রযোজ্য হইবে।

অধ্যায় - ২
ডিপার্টমেন্ট অফ এনার্জি কনজারভেশন

৩। (১) এই আইন বাস্তবায়নের জন্য বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রনালয়ের অধীনে "ডিপার্টমেন্ট অফ এনার্জি কনজারভেশন" নামক একটি নির্বাহী সংস্থা গঠিত হইবে। ডিপার্টমেন্টটি দেশের জ্বালানী সম্পদ ব্যবহার সংক্রান্ত বিষয়ে ভোক্তাদের সহিত সার্বিক সমন্বয় ও সহযোগিতাসহ এই আইনে বিদ্যমান অন্যান্য সকল কার্যক্রম সম্পাদন করিবে,

(২) (ক) এই ডিপার্টমেন্ট-এর কার্যাবলী অধ্যায় - ৩ অনুযায়ী হইবে,
(খ) এই ডিপার্টমেন্ট-এর প্রধান কার্যালয় ঢাকায় অবস্থিত হইবে,
(গ) প্রয়োজনে এই ডিপার্টমেন্ট-এর শাখা অফিসসমূহ বিভাগ ও জেলাসমূহে খোলা যাইবে।

৪। (১) এই ডিপার্টমেন্ট-এর কার্যাবলী, নির্দেশনা ও ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ১৯ (উনিশ) সদস্যের কম নয় এমন একটি গভর্নিং কাউন্সিল সরকার কর্তৃক মনোনীত হইবে। কোন মন্ত্রণালয়/সংস্থা/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান অবলুপ্ত বা পুনর্গঠিত হইলে সে সকল সদস্যের স্থলে সরকার নতুন সদস্য মনোনীত করিবে,

(২) নিম্নে বর্ণিত সদস্যদের সমন্বয়ে গভর্নিং কাউন্সিল গঠিত হইবে ঃ

(ক)	মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়,	পদাধিকার বলে সভাপতি
(খ)	সচিব, জ্বালানী বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়	পদাধিকার বলে সদস্য
(গ)	সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়	পদাধিকার বলে সদস্য
(ঘ)	সচিব, শিল্প মন্ত্রণালয়	পদাধিকার বলে সদস্য
(ঙ)	সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	পদাধিকার বলে সদস্য
(চ)	চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড	পদাধিকার বলে সদস্য
(ছ)	চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড	পদাধিকার বলে সদস্য
(জ)	চেয়ারম্যান, পেট্রোবাংলা	পদাধিকার বলে সদস্য
(ঝ)	চেয়ারম্যান, বিসিআইসি	পদাধিকার বলে সদস্য
(ঞ)	মহা-পরিচালক, বি, এস, টি,আই	পদাধিকার বলে সদস্য
(ট)	চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ,	পদাধিকার বলে সদস্য
(ঠ)	মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,	পদাধিকার বলে সদস্য
(ড)	সভাপতি, এফবিসিসিআই,	পদাধিকার বলে সদস্য
(ঢ)	সভাপতি, ট্রাক এন্ড বাস মালিক সমিতি,	পদাধিকার বলে সদস্য
(ণ)	সভাপতি, আভ্যন্তরীণ নৌ-যান মালিক সমিতি,	পদাধিকার বলে সদস্য

(ত) প্রয়োজনে গভর্নিং কমিটি কর্তৃক মনোনীত অনধিক দুই (২) জন সদস্য
(থ) বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক পদাধিকার বলে সদস্য
(দ) মহাপরিচালক, ডিপার্টমেন্ট অফ এনার্জি কনজারভেশন পদাধিকার বলে সচিব

(৩) গভর্নিং কাউন্সিল, ডিপার্টমেন্ট অফ এনার্জি কনজারভেশন এর কার্যাবলী পর্যালোচনাপূর্বক সরকারের নিকট প্রয়োজনীয় সুপারিশ করিবে,

(৪) গভর্নিং কাউন্সিলের মনোনীত অনধিক ২ (দুই) জন সদস্য ৩ (তিন) বছরের জন্য নিযুক্ত হইবেন।

৫। (১) গভর্নিং কাউন্সিলের পদাধিকার বলে সদস্য ও মনোনীত সদস্যগণ প্রতি সভায় উপস্থিতির জন্য সরকার কর্তৃক নির্ধারিত হারে সম্মানী ভাতা পাইবেন। প্রতি বছরে অনধিক ৬(ছয়)টি সভা করা যাইবে,

(২) সভাপতি যদি কোন কারণে অনুপস্থিত থাকেন তাহা হইলে, উপস্থিত জ্যেষ্ঠতম সচিব, সভায় সভাপতিত্ব করিবেন,

(৩) সভায় কোন বিষয়ে আলোচনা করা হইবে কিনা সেই ব্যাপারে সদস্যদের মধ্যে যদি মতভেদ দেখা দেয়, সেই ক্ষেত্রে সদস্যদের ভোটের মাধ্যমে সিদ্ধান্ত হইবে। সম ভোটের ক্ষেত্রে, সভাপতি নিজস্ব ভোট প্রদানের মাধ্যমে চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

৬। গভর্নিং কাউন্সিল কর্তৃক গৃহীত কোন সিদ্ধান্ত নিম্নে বর্ণিত কোন কারণে বাতিল হইবে না ঃ

(ক) কোন কারণে সদস্যপদ শূন্য থাকিলে, বা
(খ) সদস্য নিয়োগ ত্রুটিপূর্ণ হইলে।

৭। সরকার নিম্নে বর্ণিত কারণে যে কোন সদস্যের মনোনয়ন বাতিল করিতে পারিবে যদি তিনি -

(ক) দেউলিয়া ঘোষিত হন,
(খ) মানসিকভাবে অসুস্থ হন,
(গ) নৈতিক দোষে দোষী সাব্যস্ত হন,
(ঘ) জনস্বার্থ অথবা সরকার বিরোধী কাজ করেন।

তবে শর্ত থাকে যে, যথাযথ শুনানীর সুযোগ না দিয়া সদস্যের মনোনয়ন বাতিল করা যাইবে না।

৮। (১) এই আইন বলবৎ হওয়ার তারিখ হইতে ৬ (ছয়) মাসের মধ্যে আইনটি কার্যকর হইবে,

(২) এই আইনের আওতায় গভর্নিং কাউন্সিলের সুপারিশের ভিত্তিতে সরকার বিধি ও প্রবিধান প্রণয়ন করিতে পারিবে। সময়, পরিস্থিতি ও বাস্তবতার প্রেক্ষিতে এই আইনের যে কোন বিধান বা প্রবিধানের সম্পূর্ণ বা অংশ বিশেষ বাতিল ও সংশোধন করা যাইবে।

৯। (১) মহাপরিচালক, ডিপার্টমেন্ট অফ এনার্জি কনজারভেশন এর প্রধান নির্বাহী হইবেন। এই পদে সরকার জ্বালানী উৎপাদন ও সংরক্ষণ সংক্রান্ত কারিগরী জ্ঞানসম্পন্ন অভিজ্ঞ/যোগ্য ব্যক্তিকে মনোনয়ন দিবেন,

(২) এই আইনের সকল কার্যাদি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে ডিপার্টমেন্ট অফ এনার্জি কনজারভেশন এর নতুন সাংগঠনিক কাঠামো ও জনবল নির্ধারণ করিবে। সরকার প্রবিধানের মাধ্যমে নতুন কাঠামো অনুযায়ী নিয়োগ-বিধি তৈরী করিয়া প্রয়োজনীয় জনবল নিয়োগ করিবে,

(৩) প্রয়োজনে সরকার একজন সিনিয়র সহকারী সচিবকে প্রেষণে ডিপার্টমেন্ট অফ এনার্জি কনজারভেশন এর সাচিবিক দায়িত্ব সম্পাদনের লক্ষ্যে সচিব হিসাবে নিয়োগ করিবে।

১০। (১) ডিপার্টমেন্ট-এর সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এই আইন কার্যকরীভাবে বাস্তবায়নের নিমিত্তে নিয়োজিত থাকিবে,

(২) বর্তমানে জ্বালানী নিরীক্ষণ সেলে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের ডিপার্টমেন্ট অফ এনার্জি কনজারভেশন-এ স্ব স্ব জ্যেষ্ঠতা ও চাকুরীর ধারাবাহিকতাসহ আত্মীকরণ ও পদায়ন হইবে। আত্মীকরণকৃত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ তাহাদের অবসরজনিত আর্থিক সুবিধাদি জ্বালানী নিরীক্ষণ সেলের চাকুরীর বিধান অনুযায়ী প্রাপ্য হইবেন,

(৩) দেশে জ্বালানী সংরক্ষণ সংক্রান্ত বিশেষজ্ঞগণের স্বল্পতার কথা বিবেচনা করিয়া জ্বালানী সংরক্ষণ, জ্বালানী এবং বিদ্যুৎ উৎপাদন ও ব্যবহার ক্ষেত্রে, অভিজ্ঞ অবসরপ্রাপ্ত কর্মকর্তাদের যোগ্যতার ভিত্তিতে ডিপার্টমেন্ট-এ চুক্তিভিত্তিতে নিয়োগ করা যাইবে। চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার বেতন ভাতাদি সরকার কর্তৃক নির্ধারিত হইবে।

১১। ডিপার্টমেন্ট-এর সকল আদেশ ও সিদ্ধান্তসমূহ ডিপার্টমেন্ট-এর মহাপরিচালক অথবা ডিপার্টমেন্ট এর সচিব মনোনীত প্রতিনিধি কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে।

অধ্যায় -৩
ডিপার্টমেন্ট অফ এনার্জি কনজারভেশন এর ক্ষমতা ও কার্যাবলী

১২। (১) এই আইনের বিধান সাপেক্ষে প্রাপ্ত জ্বালানীর সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ, সংরক্ষণ এবং জ্বালানী ব্যবহারের মান উন্নয়নের উদ্দেশ্যে প্রধান নির্বাহী কর্মকর্তা প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবেন,

(২) ডিপার্টমেন্ট এই আইনের আওতায় প্রদত্ত সকল কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন করিতে পারিবে। ইহা ছাড়াও নিম্নে বর্ণিত সকল কার্যাবলী ও পরামর্শ ডিপার্টমেন্ট-এর কার্যাবলী ও ক্ষমতার অন্তর্ভূক্ত হইবে ঃ

কারিগরী ক্ষমতা ও কার্যাবলী ঃ

(ক) জ্বালানী ব্যবহারের ক্ষেত্রে দক্ষ উৎপাদন প্রক্রিয়া এবং জ্বালানী খরচের আদর্শ মান নির্ধারণ সংক্রান্ত পরামর্শ সরকারকে প্রদান করিবে,

(খ) দেশে প্রস্তুতকৃত বা বিদেশ থেকে আমদানীকৃত যন্ত্রপাতি ও সরঞ্জামাদির উপর প্রয়োজনীয় তথ্য সম্বলিত লেবেল যথাস্থানে সংযোজনের ব্যাপারে সরকারকে পরামর্শ দিবে,

(গ) জ্বালানী ব্যবহারের পরিমাণ, মূলধন বা বিনিয়োগের পরিমাণ, উৎপাদন ক্ষমতা ইত্যাদির নিরীখে শ্রেণীভিত্তিক (বড়, মাঝারী ও ছোট) জ্বালানী ব্যবহারকারী চিহ্নিত করিয়া তালিকা প্রস্তুত করিবে,

(ঘ) জ্বালানীর দক্ষ ব্যবহার, সাশ্রয়, অপচয় ও সংরক্ষণের নিমিত্তে উদ্বুদ্ধকরণ ও বহুল প্রচারের জন্য সকল কার্যক্রম গ্রহণ করিবে,

(ঙ) জ্বালানীর দক্ষ ব্যবহার ও সংরক্ষণের জন্য লাগসই ও সর্বাধুনিক প্রযুক্তির উপর সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ও বিশেষজ্ঞদের প্রশিক্ষণের আয়োজন করিবে,

(চ) জ্বালানী সংরক্ষণ বিষয়ে পরামর্শক কার্যক্রম (Consultancy services) প্রসার ও জোরদার করিবে,

(ছ) জ্বালানী সংরক্ষণ বিষয়ে গবেষণা ও উন্নয়ন কর্মকান্ড বৃদ্ধি করিবে,

(জ) বর্তমানে বিভিন্ন প্রতিষ্ঠানে স্থাপিত ও নতুন আমদানীকৃত বয়লার, টারবাইন, ইঞ্জিন, জেনারেটার, কমপ্রেসার ও অন্যান্য যন্ত্রপাতির আদর্শ মান নির্ধারণ করিবে।

(ঝ) বিভিন্ন যন্ত্রপাতি ও সরঞ্জামাদির জ্বালানী খরচের পরিমাণ নির্ধারণের জন্য পরীক্ষা ও সনদ পত্র প্রদানের ব্যবস্থা গ্রহণ করিবে,

(ঞ) জ্বালানীর দক্ষ ব্যবহার ও সংরক্ষণের জন্য পাইলট প্রজেক্টসমূহ প্রস্তুত, বাস্তবায়ন এবং প্রদর্শনীর ব্যবস্থা করিবে,

(ট) জ্বালানী দক্ষ উৎপাদন প্রক্রিয়া, যন্ত্রপাতি, সরঞ্জামাদি এবং পদ্ধতির প্রবর্তন করিবে,

(ঠ) সৃজনশীল ও দক্ষ জ্বালানী প্রকল্পসমূহে অর্থায়নের উদ্যোগ গ্রহণ করিবে,

(ড) দক্ষ জ্বালানী ব্যবহার ও সংরক্ষণের জন্য দেশী ও বিদেশী অর্থায়নের ব্যবস্থা গ্রহণ করিবে,

(ঢ) ডিপার্টমেন্ট-এর কর্মকর্তা অথবা সনদপ্রাপ্ত এনার্জি অডিটরগণ জ্বালানী উৎপাদন ও ব্যবহারকারী প্রতিষ্ঠানসমূহে এনার্জি অডিট সম্পাদন করিবে,

(ণ) এনার্জি অডিটের সময় প্রতিষ্ঠানসমূহ এনার্জি অডিটরদের জ্বালানী, উৎপাদন, যন্ত্রপাতি ইত্যাদি বিষয়ক সকল তথ্য দিতে বাধ্য থাকিবে,

(ত) বড় ও মাঝারী ধরণের জ্বালানী ব্যবহারকারী প্রতিষ্ঠান, তিন মাস অন্তর তাহাদের উৎপাদিত দ্রব্য ও জ্বালানী খরচের পরিমাণ সংক্রান্ত ত্রৈমাসিক তথ্যবিবরণী ডিপার্টমেন্ট-এ প্রেরণ করিবে,

(থ) দক্ষ জ্বালানী ব্যবহার ও সংরক্ষণের জন্য এনার্জি অডিট ও কারিগরী সহায়তা প্রদানের "ফি" নির্ধারণ করিবে,

(দ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার আলোকে এনার্জি অডিটরদের সনদপত্র প্রদান করিবে,

(ধ) বিভিন্ন জ্বালানী ব্যবহারকারী প্রতিষ্ঠানে এনার্জি অডিট সম্পাদনের ধরন ও সময়ক্রম (interval of time) তৈরী করিবে,

(ন) বড় ও মাঝারী জ্বালানী ব্যবহারকারী প্রতিষ্ঠানসমূহে নিয়োজিতব্য জ্বালানী ম্যানেজারদের যোগ্যতা যাচাইপূর্বক সনদপত্র প্রদান করিবে,

(প) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষা বোর্ড, বিশ্ববিদ্যালয় অথবা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহের শিক্ষা পাঠক্রমে অন্তর্ভূক্তির জন্য দক্ষ জ্বালানী ব্যবহার ও সংরক্ষণ সংক্রান্ত পাঠ্যসূচী সুপারিশ করিবে,

(ফ) দক্ষ জ্বালানী ব্যবহার ও সংরক্ষণ সংক্রান্ত আন্তর্জাতিক সহায়তা কার্যক্রমসমূহ বাস্তবায়নে সহায়তা করিবে,

(ব) জ্বালানী সংরক্ষণ সংক্রান্ত অন্যান্য যে সকল কার্যাবলী সরকার কর্তৃক নির্ধারিত হইবে তাহাও ডিপার্টমেন্ট সম্পাদন করিবে।

(৩) **পরামর্শমূলক কার্যাবলীঃ**

(ক) দেশের স্বার্থ রক্ষা করিয়া দক্ষ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র, শিল্প প্রতিষ্ঠান নির্মাণ ও গ্যাস উত্তোলন ক্ষেত্রে দেশী ও বিদেশী বেসরকারী বিনিয়োগকে উৎসাহিত করিবে,

(খ) ঋতুভেদে দিনের আলো অধিক সময় ব্যবহারের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান, অফিস আদালত, দোকান-পাট ও শপিংমল ইত্যাদির সময়-সূচী নির্ধারণ করিবে,

(গ) এস,এস,সি এবং এইচ,এস,সি ও সমমানের পরীক্ষাসমূহের সময়-সূচি শীত ঋতুতে নির্ধারণের সুপারিশ করিবে,

(ঘ) বাণিজ্যিক ও আবাসিক গ্যাস ও বিদ্যুৎ বিলে স্বচ্ছতা আনয়ন ও নিয়মিত বিল আদায়ের লক্ষ্যে প্রি-পেইড এনার্জি মিটারের প্রচলন উৎসাহিত করিবে,

(ঙ) জ্বালানী খাতে বিদেশী বিশেষজ্ঞ/প্রতিষ্ঠানের উপর হইতে নির্ভরতা হ্রাস করিয়া দেশী বিশেষজ্ঞ/প্রতিষ্ঠানকে উৎসাহ প্রদান করিবে,

(চ) জ্বালানী ও বিদ্যুৎ ব্যবহারকারী সকল প্রতিষ্ঠানে জ্বালানী ও বিদ্যুৎ চুরি রোধের উপায় নিরূপণ ও তদ্‌সংক্রান্ত সুপারিশ করিবে,

(ছ) ব্রিক-ফিল্ডস্ এ প্রাকৃতিক গ্যাস ও কাঠ ব্যবহার রোধ কঠোরভাবে প্রতিপালনে সহায়তা করিবে,

(জ) জ্বালানী সাশ্রয়ের লক্ষ্যে সারা দেশে মাসে সরকারী সাপ্তাহিক ছুটির যে কোন একদিন জ্বালানী তেল ও গ্যাস ব্যবহারকারী মোটর যানবাহন চলাচল বন্ধ রাখার প্রস্তাব সরকারকে করিতে পারিবে,

(ঝ) দেশে Day Light Saving Time ব্যবস্থা প্রবর্তনের সুরারিশ করিবে,

(ঞ) দুর্যোগ ও অন্যান্য জরুরী পরিস্থিতিতে সরকারকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করিতে পারিবে।

অধ্যায়-৪
বিল্ডিং সংক্রান্ত এনার্জি কোড

১৩। বিল্ডিং কোডে দক্ষ জ্বালানী ব্যবহার ও সংরক্ষণের বিষয়সমূহঃ

(১) **নূতন বিল্ডিং-এর ওয়াল নির্মাণঃ** সকল বাণিজ্যিক ভবন ও এ্যাপার্টমেন্ট ভবনে পূর্ব, পশ্চিম, পূর্ব-দক্ষিণ ও উওর-পশ্চিমের ওয়ালের গাঁথুনী "হলো ব্রীক ওয়ার্ক" করা সংক্রান্ত কোড অনুসরণ করিতে হইবে,

(২) **শেষ তলার ছাদ তাপ প্রতিরোধক সংক্রান্ত ঃ** তাপ এবং পানি প্রতিরোধক আলো বিকিরণের ব্যবস্থা সম্পন্ন সর্বশেষ তলার ছাদ নির্মাণ সংক্রান্ত কোড অনুসরণ করিতে হইবে,

(৩) **বৃষ্টির পানি ব্যবহার সংক্রান্ত ঃ** সকল বাণিজ্যিক ভবন ও এ্যাপার্টমেন্ট ভবনের ছাদ ও অন্যান্য স্থান হইতে সংগৃহীত বৃষ্টির পানি বাগান, গাড়ী ধোয়া, টয়লেটে ব্যবহার করা সংক্রান্ত কোড অনুসরণ করিতে হইবে,

(৪) **ক্রস ভেন্টিলেশন সংক্রান্ত ঃ** সকল নতুন বিল্ডিং নিমার্ণের ক্ষেত্রে ক্রস ভেন্টিলেশনের ব্যবস্থা রাখা সংক্রান্ত কোড অনুসরণ করিতে হইবে,

(৫) **সোলার বিদ্যুৎ ব্যবহার সংক্রান্তঃ** সকল বাণিজ্যিক ভবন, এ্যাপার্টমেন্ট ভবন/বিল্ডিংসমূহে সোলার বিদ্যুৎ প্যানেল ব্যবহার সংক্রান্ত কোড অনুসরণ করিতে হইবে,

(৬) **এনার্জি ইফিসিয়েন্ট লাইট অথবা ইলেকট্রনিক ব্যালাষ্ট সম্বলিত টিউব লাইট ব্যবহারঃ** সকল বাণিজ্যিক ভবন ও এ্যাপার্টমেন্ট ভবনে এনার্জি ইফিসিয়েন্ট লাইট অথবা ইলেকট্রনিক ব্যালাষ্ট সম্বলিত টিউব লাইটের ব্যবহার সংক্রান্ত কোড অনুসরণ করিতে হইবে,

(৭) **টিউব লাইটের ম্যাগনেটিক ব্যালাষ্টের পরিবর্তে ইলেকট্রনিক ব্যালাষ্ট ব্যবহারঃ** সকল বাণিজ্যিক ভবন, এ্যাপার্টমেন্ট ভবন ও গার্মেন্টস্ ফ্যাক্টরীসমূহে টিউবলাইটে ব্যবহৃত ম্যাগনেটিক ব্যালাষ্টের পরিবর্তে ইলেকট্রনিক ব্যালাষ্ট ব্যবহার সংক্রান্ত কোড অনুসরণ করিতে হইবে,

(৮) **ফটোভোলটেক পাওয়ার জেনারেটর ব্যবহার সংক্রান্তঃ** সকল বাণিজ্যিক ভবন ও এ্যাপার্টমেন্ট ভবনে সোলার পাওয়ার এয়ার কন্ডিশনার ও সোলার পাওয়ার ফটোভোলটেক পাওয়ার জেনারেটর ব্যবহার সংক্রান্ত কোড অনুসরণ করিতে হইবে,

(৯) **সোলার ও বৈদ্যুতিক উভয় পদ্ধতির বৈদ্যুতিক সংযোগ সংক্রান্তঃ** সার্বক্ষণিক বিদ্যুৎ নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় পর্যায়ের বিদ্যুৎ সংযোগ ও সোলার বিদ্যুৎ উৎস হইতে বিদ্যুৎ সংযোগ সংক্রান্ত কোড অনুসরণ করিতে হইবে,

(১০) **বৈদ্যুতিক সাব-ষ্টেশনের ট্রান্সফরমারের জন্য নির্ধারিত তাপমাত্রার ঘর নির্মাণঃ** দক্ষ ব্যবহার ও নিরাপত্তার জন্য খোলা জায়গার পরিবর্তে প্রয়োজনীয় মাপের পৃথক কক্ষের ব্যবস্থা সংক্রান্ত কোড অনুসরণ করিতে হইবে,

(১১) **বাণিজ্যিক ভবনসমূহে 'ডাবল প্যানেল গ্লাস' ব্যবহারঃ** সকল বাণিজ্যিক ভবনে গ্লাস ব্যবহারের ক্ষেত্রে 'ডাবল প্যানেল গ্লাস' ব্যবহার সংক্রান্ত কোড অনুসরণ করিতে হইবে,

(১২) **সোলার পাওয়ার ওয়াটার হিটিং প্লান্টঃ** সকল বাণিজ্যিক ভবন ও এ্যাপার্টমেন্ট ভবনে 'সোলার পাওয়ার ওয়াটার হিটিং প্লান্ট' স্থাপন সংক্রান্ত কোড অনুসরণ করিতে হইবে,

(১৩) শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রে pre-cooling বাতাস ব্যবহারঃ সকল **নতুন** বৃহৎ বাণিজ্যিক ভবন, গার্মেন্টস ফ্যাক্টরী ভবন ও অন্যান্য ফ্যাক্টরীর ভবনসমূহে শীতাতপ নিয়ন্ত্রিত যন্ত্রে **pre-cooling** বাতাস ব্যবহার সংক্রান্ত কোড অনুসরণ করিতে হইবে।

(১৪) এয়ার কন্ডিশনার ব্যবহার ক্ষেত্রে আলাদা মিটার স্থাপন ও বাণিজ্যিক হারে বিল আদায়,

(১৫) কোডে জ্বালানী ব্যবহার ও সংরক্ষণ সংক্রান্ত অন্যান্য বিদ্যমান ধারাসমূহ এই আইনের আওতাধীন হিসাবে গণ্য হইবে। কোন ধারা এই আইনের পরিপন্থী হইলে, সেই ক্ষেত্রে এই আইনের ধারা কার্যকর হইবে।

অধ্যায়-৫
রিনিউয়্যাবল এনার্জির ব্যবহার

১৪। (ক) জ্বালানী ঘাটতি পূরণ ও বিদ্যুৎ সরবরাহ নাই এমন প্রত্যন্ত অঞ্চলে রিনিউয়্যাবল এনার্জির ব্যবহার বৃদ্ধি উৎসাহিত করিতে হইবে,

(খ) দেশের প্রাকৃতিক জ্বালানী (Fossil Fuel) ও আমদানীকৃত জ্বালানীর ব্যবহার হ্রাস করিয়া রিনিউয়্যাবল এনার্জির ব্যবহার বৃদ্ধি করিতে হইবে,

(খ) পরিবেশ দূষণ রোধকল্পে রিনিউয়্যাবল এনার্জির ব্যবহার বৃদ্ধি করিতে হইবে,

(গ) রিনিউয়্যাবল এনার্জি পলিসির সংশ্লিষ্ট নীতিসমূহ প্রয়োজনে সরকার জ্বালানী সংরক্ষণ আইনের আওতাধীন হিসেবে বিবেচনা করিতে পারিবে,

অধ্যায়-৬
নন-রিনিউয়্যাবল এনার্জির ব্যবহার

১৫। (ক) দেশের এনার্জি পলিসির (যথা গ্যাস, কয়লা, তেল ইত্যাদি) ধারাসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে, এই সংরক্ষণ আইন কোনরূপ প্রতিবন্ধক হিসাবে বিবেচিত হইবে না,

(খ) আমদানীতব্য তেলের গুণগত মান নিশ্চিত করিতে হইবে,

(গ) স্থল, আকাশ ও জলযানসমূহে জ্বালানীর দক্ষ ব্যবহার ও সাশ্রয়ের লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যবহারকারী কাউন্সিলের নিকট জবাব প্রদানে বাধ্য থাকিবে।

অধ্যায়-৭
ডিপার্টমেন্ট অফ এনার্জি কনজারভেশন-এর আর্থিক বিষয়াদি

১৬। (১) ডিপার্টমেন্ট-এর নিয়মিত কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ভাতাদি সরকার কর্তৃক অনুমোদিত পে-স্কেল অনুযায়ী প্রদান করা হইবে।

(২) ডিপার্টমেন্ট এর সকল ব্যয় সরকারী বিধান অনুযায়ী নির্বাহ করিতে হইবে,

(৩) ডিপার্টমেন্ট-এর নিয়মিত ও চুক্তিভিত্তিক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগে সরকারী বিধি-বিধান অনুসরণ করিতে হইবে,

(৪) ডিপার্টমেন্ট-এর বাজেট ও সংশোধনী বাজেট সরকারী বিধান অনুযায়ী প্রণীত হইবে,

(৫) ডিপার্টমেন্ট বাজেটে প্রাপ্ত অর্থ ও ব্যয়ের হিসাব সংরক্ষণ করিবে,

(৬) ডিপার্টমেন্ট অর্থ বছর সমাপ্তির পর পূর্ববর্তী অর্থ বছরের কার্যাবলীসহ আয়-ব্যয়ের একটি বিবরণী পেশ করিবে,

(৭) ডিপার্টমেন্ট সরকার কর্তৃক অনুমোদিত বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ করিতে পারিবে।

অধ্যায় -৮
দক্ষ জ্বালানী ব্যবহার ও সাশ্রয়ের জন্য উৎসাহ প্রদান

১৭। (ক) প্রতি বছর সরকার দেশে দক্ষ জ্বালানী ব্যবহার তথা সাশ্রয়কারী ৫(পাচঁ)টি শিল্প প্রতিষ্ঠানকে চিহ্নিত ও পুরস্কৃত করিবে,

(খ) সৃজনশীল দক্ষ জ্বালানী ব্যবহার ও সাশ্রয়ের পদ্ধতি উদ্ভাবনের জন্য প্রতি বছর সরকার উদ্ভাবকগণকে জাতীয় পর্যায়ে পুরস্কৃত করিবে,

(ঘ) এনার্জি এফিসিয়েন্ট যন্ত্রপাতির মূল্য হ্রাস করিবার পদক্ষেপ গ্রহণ করিতে হইবে,

(ঙ) জ্বালানীর দক্ষ ব্যবহার ও সাশ্রয়ের পন্থা নিরূপণ সংক্রান্ত গবেষণামূলক ও উন্নয়নমূলক কর্মকান্ড পরিচালনার জন্য সরকার সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানকে আর্থিক সহায়তা প্রদানের ব্যবস্থা করিবে।

অধ্যায় -৯
আইন অমান্যকারীদের জন্য বিধান

১৮ । **(ক)** যদি কোন ব্যক্তি এই আইন, বিধি বা প্রবিধানের বিধান লঙ্ঘন করেন, তাহা হইলে দেশে প্রচলিত প্রযোজ্য আইনের বিধান অনুযায়ী আইন অমান্যকারীদের ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করা যাইবে,

(খ) কোন ব্যক্তি অথবা প্রতিষ্ঠান যুক্তিসংগত কারণ ব্যতীত এই আইন অথবা এই আইনের আওতায় প্রণীত বিধি ও প্রবিধান লঙ্ঘন করিলে, সরকার কর্তৃক নির্ধারিত হারে জরিমানা প্রদান করিতে বাধ্য থাকিবে। জরিমানা আদায়ের লক্ষ্যে ডিপার্টমেন্ট-এর প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তাকে নির্বাহী ম্যাজিস্ট্রিয়াল ক্ষমতা প্রদান করা যাইবে।

অধ্যায় -১০
বিবিধ

১৯। **ইংরেজীতে অনুদিত পাঠ প্রকাশ।––** এই আইন প্রবর্তনের পর সরকার সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের ইংরেজীতে অনুদিত একটি পাঠ প্রকাশ করিবে, যাহা এই আইনের অনুমোদিত ইংরেজী পাঠ (Authentic English Text) নামে অভিহিত হইবে।

তবে শর্ত থাকে যে, এই আইন ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলায় প্রণীত এই আইন প্রাধান্য পাইবে।

তফসিল

অধিক জ্বালানী ব্যবহারকারী হিসাবে চিহ্নিত শিল্প, অন্যান্য প্রতিষ্ঠান ও স্থাপনার তালিকা ঃ

১। বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র,
২। সার কারখানা,
৩। কাগজ ও মন্ড কারখানা,
৪। পাট, বস্ত্র ও গার্মেন্টস্ শিল্প,
৫। সিমেন্ট কারখানা,
৬। লৌহ ও ইস্পাত শিল্প,
৭। চিনি ও খাদ্য শিল্প,
৮। রসায়ন ও ঔষধ শিল্প,
৯। গ্লাস ও সিরামিক,
১০। ব্রিক ফিল্ডস্,
১১। যানবাহন,
১২। আবাসিক, বাণিজ্যিক ভবন ও স্থাপনাসমূহ।